

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, অক্টোবর ৫, ২০১০

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ৫ই অক্টোবর ২০১০/২০শে আশ্বিন ১৪১৭

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ৫ই অক্টোবর ২০১০ (২০শে আশ্বিন ১৪১৭) তারিখে রাষ্ট্রপতির সম্মতি লাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে :—

২০১০ সনের ৫১ নং আইন

বেসরকারী প্রাথমিক শিক্ষক কল্যাণ ট্রাস্ট আইন, ২০০০ সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্য পূরণকল্পে বেসরকারী প্রাথমিক শিক্ষক কল্যাণ ট্রাস্ট আইন, ২০০০ (২০০০ সনের ৩৮ নং আইন) এর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন বেসরকারী প্রাথমিক শিক্ষক কল্যাণ ট্রাস্ট (সংশোধন) আইন, ২০১০ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। ২০০০ সনের ৩৮ নং আইনের ধারা ৬ এর সংশোধন।—বেসরকারী প্রাথমিক শিক্ষক কল্যাণ ট্রাস্ট আইন, ২০০০ (২০০০ সনের ৩৮ নং আইন) এর ধারা ৬ এর উপ-ধারা (১) এর—

(ক) দফা (ক) এর “বিভাগের” শব্দটির পরিবর্তে “মন্ত্রণালয়ের” শব্দটি প্রতিস্থাপিত হইবে;

(খ) দফা (খ) এর “ভাই-চেয়ারম্যানও” শব্দটির পরিবর্তে “ভাইস-চেয়ারম্যানও” শব্দটি প্রতিস্থাপিত হইবে;

(৯১৩৩)

মূল্য : টাকা ২.০০

- (গ) দফা (গ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (গ) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—
- “(গ) মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন ও পরিবীক্ষণ ইউনিট, যিনি উহার ভাইস-চেয়ারম্যানও হইবেন;”;
- (ঘ) দফা (চ) এর “বিভাগের” শব্দটির পরিবর্তে “মন্ত্রণালয়ের” শব্দটি প্রতিস্থাপিত হইবে;
- (ঙ) দফা (ছ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ছ) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—
- “(ছ) সরকার কর্তৃক মনোনীত অনূ্যন দুই (২) জন মহিলাসহ, সাত (৭) জন বেসরকারী প্রাথমিক শিক্ষক, যাহাদের মধ্যে একজন উহার সদস্য-সচিবও হইবেন।

প্রণব চক্রবর্তী

অতিরিক্ত সচিব

ও

সচিব (দায়িত্বপ্রাপ্ত)।